

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০৮

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৩২. কোন লোক বললো, আমার দু'গোলামের একজন মুক্ত, এরপর সে মৃত্যুবরণ করলো, কিন্তু সে স্পষ্ট করে বলেনি (যে কোন দাসকে মুক্তি দিল)

باب إِذَا قَالَ أَحَدُ غُلَامَيَّ حُرٌّ وَلَمْ يُبَيِّنْ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا أَبُو بَكْرٍ عَنْ مُطَرِّفٍ عَنْ الشَّعْبِيِّ فِي رَجُلٍ قَالَ أَحَدُ عُلَامَيَّ حُرُّ ثُمَّ مَاتَ وَلَمْ يُبَيِّنْ قَالَ الْوَرَثَةُ بِمَنْزِلَتِهِ يُعْتِقُونَ أَيَّهُمَا أَحَبُّوا

বাংলা

৩৩০৮. মুতাররিফ হতে বর্ণিত, কোনো এক ব্যক্তি বললো, আমার দু'জন দাসের মধ্য থেকে কোনো একজনকে মুক্ত (করলাম)। এরপর সে মৃত্যু বরণ করলো, কিন্তু সে স্পষ্টভাবে বলে যায়নি (যে তার কোন্ দাস মুক্ত করলো)। এ সম্পর্কে শা'বী রাহি: বলেন, তার ওয়ারিসগণ তার স্থলাভিষিক্ত হবে, তারা তাদের পছন্দ অনুযায়ী দু'জনের একজনকে মুক্তি দেবে।[1]

ফুটনোট

[1] তাহকীকঃ: এর সনদ শা'বী পর্যন্ত হাসান, আবু বাকর ইবনু আইয়্যাশের কারণ।

তাখরীজ: আমি এ বর্ণনা প্রসঙ্গ আর কোথাও পাইনি। তবে ইবনু আবী শাইবা ১১/২১৪ নং ১১০১৭ তে শা'বী হতে বর্ণনা করেন, ওয়াসীয়াতপ্রাপ্ত ব্যক্তি পিতার স্থলাভিষিক্ত।'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মৃতাররিফ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন